# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ নতুন দিল্লীতে গ্রামীণ ভারত মহোৎসব-২০২৫ এর আনুষ্ঠানিক উদ্বোধন ।

২) গৌহাটী হাইকোর্টের পঞ্চায়েত নির্বাচনের অধিসূচনা আগামী ৯ জানুয়ারী পর্যন্ত জারী না করার রাজ্যসরকারকে প্রদান করা নির্দেশ পুনর বিবেচনা করতে আসাম সরকারের আবেদন ।

৩) রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বরার কৃষি ও উদ্যান শস্যের মূল সমস্যাগুলির সমাধানের জন্য কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানকে অনুরোধ ।

এবং

৪) যোরহাটের আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কৃষক মেলা ২০২৫ আজ থেকে আরম্ভ ।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে গ্রামীন ভারত মহোৎসব - ২০২৫-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন । ভারত মন্ডপোমে আয়োজিত এই মহোৎসব আগামী ৯ জানুয়ারী পর্যন্ত চলবে । ২০৪৭ সালের মধ্যে স্বাবলম্বী গ্রামীণ ভারত গড়ে তোলার ওপর বিশেষ ভাবে গুরুত্ব আরোপ করে আয়োজিত এই মহোৎসবের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন যে ২০১৪ সাল থেকেই সরকার গ্রামাঞ্চলে বসবাসরত জনসাধারণকে একটি মর্যাদা সম্পন্ন জীবন প্রদান করতে এইসব অঞ্চলের উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে । অনুষ্ঠানে শ্রী মোদী উপস্থিত জনসাধারণের সঙ্গে মত বিনিময় করে গ্রামাঞ্চলের মহিলাদের সাবলীকরণের বিষয়টির ওপর অধিক গুরুত্ব আরোপ করেন । এর পরিপ্রেক্ষিতে তিনি সরকারী আধিকারিক , শিল্পী , কারিগর এবং বিভিন্ন ক্ষেত্রের অংশীদারদের সহযোগিতামূলক এবং সার্বিক গ্রামীন উন্নয়নের রূপরেখা প্রস্তুত করে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান । প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে গ্রামীন সমাজকে স্বাবলম্বী করতে প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধির অধীনে এ পর্যন্ত কৃষকদের ৩ লক্ষ কোটি টাকার সহায়তা প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

ভারতের গ্রামাঞ্চলে দরিদ্রতার হার পূর্বের তুলনায় হ্রাস পেয়েছে । ২০১১ - ২০১২ অর্থ বছরে এই হার ছিল ২৫ দশমিক ৭ শতাংশ । তবে ২০২৩ - ২০২৪ অর্থ বছরে এই হার ৪ দশমিক ৮-৬ শতাংশ হ্রাস পয়েছে । ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার প্রকাশ করা গবেষণা প্রতিবেদনে এই তথ্য প্রকাশ করা হয়েছে । এস বি আইর গবেষণা অনুসারে গত ১২ বছরে শহরাঞ্চলেও দরিদ্রতার হার ১৩ দশমিক ৭ শতাংশ থেকে ৪ দশমিক ৯ শতাংশ পর্যন্ত হ্রাস পয়েছে । গ্রামাঞ্চলে দরিদ্রতার হার হ্রাস পাওয়ার মূল কারণ হিসেবে সামগ্রী উপভোগের মাত্রা শূন্য থেকে ৫ শতাংশে উন্নিত হয়েছে বলে চিহ্নীত করা হয়েছে । একই সঙ্গে জনসাধারণের জন্য সরকারের গৃহিত পদক্ষেপর জন্যও দরিদ্রতার হার শূন্য থেকে ৫ শতাংশ পর্যন্ত অবনমিত হয়েছে । এস বি আইর গবেষণায় গ্রামাঞ্চল এবং শহরাঞ্চলের জনসাধারণের মধ্যে আয়ের ব্যবধান হ্রাস পাওয়ার মূল কারণ হিসেবে হিতাধিকারীদের একাউন্টে প্রত্যক্ষ অর্থ হস্তান্তর ব্যবস্থা বলেও বিশেষ ভাবে উল্লেখ করা হয়েছে । উল্লেখ্য যে সম্প্রতি সরকার বিভিন্ন প্রকল্পের অর্থ হিতাধিকারীদের ব্যাঙ্ক একাউন্টে প্রত্যক্ষভাবে জমা দেওয়ার ব্যবস্থা করেছে । এছাড়াও , গ্রামাঞ্চলে পরিকাঠামো , কৃষকের আয় বৃদ্ধি ইত্যদিও গ্রামাঞ্চলে বসবাসরত লোকেদের জীবন ধারণের মানদন্ড উন্নত করেছে বলেও গবেষণাপত্রে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্টের পঞ্চায়েত নির্বাচনের অধীসূচনা আগামী ৯ জানুয়ারী পর্যন্ত জারী না করতে রাজ্য সরকারকে প্রদান করা নির্দেশ পুনর বিবেচনা করতে আসাম সরকার আবেদন জানিয়েছে । গতকাল এই স্থগিতাদেশর সংশোধনী চেয়ে রাজ্য সরকারের দাখিল করা হস্তক্ষেপ মূলক আবেদনের শুনানী বিচারপতি সৌমিত্র শইকীয়ার আদালত গ্রহণ করেছে এবং এ সম্পর্কে আগামী সোমবারের মধ্যে শপথনামা পেশ করার নির্দেশ প্রদান করা হয়েছে । আসাম সরকারের দাখিল করা এই হস্তক্ষেপমূলক আবেদনে যেসব পঞ্চায়েতকে নিয়ে অভিযোগ উত্থান হয়েছে অথবা মামলা রুজু করা হয়েছে সেইসব পঞ্চায়েত এলাকা বাদ দিয়ে অন্যান্য অঞ্চলগুলিতে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার অনুমতি প্রদান করতে আবেদন জানানো হয়েছে । উল্লেখ্য যে পঞ্চায়েত সমষ্টির পুনর নির্ধারণে বিভিন্ন ধরণের অভিযোগ উত্থাপন করে একাংশ প্রার্থী আদালতে একটি আবেদন দাখিল করেছিলেন । এই আবেদনের ভিত্তিতে গত ১৭ ডিসেম্বর বিচারপতি সৌমিত্র শইকীয়ার আদালত আগামী ৯ জানুয়ারী পর্যন্ত পঞ্চায়েত নির্বাচনের অধিসূচনা জারী না করতে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে আগামী ১০ ফেব্রুয়ারীর মধ্যে রাজ্যে পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন করা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আশা প্রকাশ করেছেন । গোয়ালপাড়ায় সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মুখ্যমন্ত্রী এ কথা বলেন । একই সঙ্গে আগামী মার্চ মাসের মধ্যে রাভা-হাসং স্বায়ত্ব শাসিত পরিষদের নির্বাচনও অনুষ্ঠিত হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন । আসন্ন পঞ্চায়েত নির্বাচনে ভারতীয় জনতা পার্টী ( বি জে পি ) স্থানীয় পর্যায়ে অসম গণ পরিষদ দলের সঙ্গে সমঝোতা করবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার আধারকার্ড প্রদানের ক্ষেত্রে কয়েকটি নতুন ব্যবস্থা গ্রহণ করেছে । এ অনুসারে আবেদনকারীদের পূর্বের তুলনায় আরো বেশি কঠোর নিয়মাবলী অনুসরণ করতে হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল গোয়ালপারায় আয়োজিত এক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে এ কথা জানিয়ে বলেন যে ২০১৪ সালে জাতীয় নাগরিক পঞ্জীতে নাম অর্ন্তভুক্তের জন্য আবেদন না করা লোকেরা আধারকার্ড পাবেন না । রাজ্য সরকার খুব শিঘ্রই এ সম্পর্কে একটি বিজ্ঞপ্তি জারী করবে বলেও তিনি জানান ।

আধারকার্ডের ক্ষেত্রে জালিয়াতি রোধে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে বলে উল্লেখ করে ডক্টর শর্মা বরপেটা জেলায় ১শো ১০ শতাংশ লোক আধারকার্ড লাভ করেছে বলে তথ্য তুলে ধরেন । বাংলাদেশ সীমান্ত দিয়ে অনুপ্রবেশের চেষ্টা করা বহু

নাগরিককে পুলিশ প্রায় প্রতিদিন আটক করছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এ ধরণের অনুপ্রবেশ করা লোকেরাই পরবর্তী সময়ে জালিয়াতি করে আধারকার্ড সংগ্রহ করছে । এ ধরণের চক্রান্ত প্রতিহত করতেই আধারকার্ডের আবেদনের সঙ্গে ২০১৪ সালে এন আর সিতে আবেদন করার প্রমাণ পত্র প্রদান করতে হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের পৌরহিত্যে আজ ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন রাজ্যের কৃষিমন্ত্রীদের একটি বিশেষ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । বৈঠকে রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বরা যোরহাট থেকে অংশ গ্রহণ করেন । এতে সংসদের আসন্ন অধিবেশনে উত্থাপনের জন্য প্রস্তুত করা কেন্দ্রীয় বাজেটে সন্নিবিষ্ট করার জন্য দেশের কৃষি ক্ষেত্রের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় । শ্রী বরা আজকের এই বৈঠকে রাজ্যের কৃষি এবং উদ্যান শষ্যের প্রধান কয়েকটি সমস্যা কেন্দ্রীয় মন্ত্রীকে অবগত করেন । বিশেষ করে হাতী ও বানরের উপদ্রবের বিষয়টি তিনি কেন্দ্রীয় মন্ত্রীকে অবগত করেন । এই সমস্যার সম্মুখীন হওয়া রাজ্যের কৃষকদের প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার মাধ্যমে রেহাই প্রদানের ব্যবস্থা এবং আসামে একটি কীটনাশক পরীক্ষা কেন্দ্র স্থাপন করতেও তিনি কেন্দ্রীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানান ।

---

এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করে কৃষিমন্ত্রী অতুল বরা উত্তর-পূর্বাঞ্চলের কৃষি ভিত্তিক অর্থনীতি আরো শক্তিশালী করার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন । যোরহাটের আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ে আয়োজিত আঞ্চলিক কৃষক মেলা - ২০২৫ আজ থেকে আরম্ভ হয়েছে। প্রতিকূল পরিস্থিতির মোকাবিলা করার উদ্দেশ্যে কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবনী মূলক চিন্তা ও গবেষণার তিনি প্রশংসা করেন । শ্রী বরা কৃষি উৎপাদন বৃদ্ধি করতে এবং কৃষকদের কল্যাণে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের ওপর আলোকপাত করেন । তিনি কৃষি ক্ষেত্রে জলবায়ুর পরিবর্তনের ফলে প্রত্যাহ্বান সহ মাটি , জল এবং পরিবেশ সংক্রান্ত অন্যান্য সমস্যাগুলি শক্ত হাতে মোকাবিলা করে উন্নয়নের জন্য কাজ করে যেতে সবার প্রতি আহ্বান জানান । এই মেলার সঙ্গে সঙ্গতি রেখে কৃষিমন্ত্রী আজ সেখানে একটি প্রদর্শনীরও উদ্বোধন করে উপস্থিত কৃষকদের সঙ্গে মত বিনিময় করেন ।

---

আকাশবাণী কোকরাঝার কেন্দ্রে স্থাপন করা ১০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন নতুন এফ এম ট্রান্সমিটার থেকে অনুষ্ঠান প্রচার আরম্ভ হয়েছে । এফ এম বেগুর ১০২ ম্যাগাহার্ডজে এই ট্রান্সমিটার থেকে প্রচারিত উন্নত মানের অনুষ্ঠান কোকরাঝার সহ ধুবরী , বঙ্গাইগাও , গোয়ালপারা এবং চিরাং জেলার শ্রোতারা শুনতে পাচ্ছেন । আগেই জানানো হয়েছে যে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ গতকাল গৌহাটিতে আয়োজিত এক অনুষ্ঠানে ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আকাশবাণী কোকরাঝার কেন্দ্রের এফ এম ট্রান্সমিটারটি আনুষ্ঠানিকভাবে রাজ্যবাসীর সেবায় উৎসর্গ করেন ।

---------------------------------------------------------------------------------------

প্রবীন বিজ্ঞানী এবং ভারতের পারমানবিক কার্যসূচির অন্যতম স্থপতি ডক্টর রাজগোপাল চিদাম্বরম আজ ভোরে মুম্বাইর একটি চিকিৎসালয়ে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । ৮৮ বছর বয়সের প্রবীন এই বিজ্ঞানী দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন । ডক্টর চিদাম্বরম ভারতের পারমানবিক অস্ত্র প্রকল্প গড়ে তুলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন । ১৯শো ৭৪ সালে ভারতের সম্পন্ন করা প্রথম পারমানবিক পরীক্ষা এবং ভারতকে বিশ্বের মধ্যে অন্যতম পারমানবিক শক্তি হিসেবে চিহ্নিত করা ১৯শো ৯৮ সালের পোখরানের দ্বিতীয় পরীক্ষার সময়েও তিনি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় এন আর সিতে বায়োমেট্রিক ব্লক থাকার জন্য যারা আধার কার্ড পাননি তাদের সহায়তা প্রদান করতে আজ শ্রীভূমি জেলাআয়ুক্ত কার্যালয়ের প্রবেশদ্বারে একটি হেল্প ডেস্ক খোলা হয়েছে । শ্রীভুমির আধার সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা আয়ুক্ত আনিস রসুল মজুমদার এন আর সি-র ডিপিএসকে এই হেল্পডেস্কের দায়িত্ব প্রদান করে জানিয়েছেন যে এতে একজন অপারেটর থাকবেন যিনি জনসাধারণকে আধার কার্ড পুনরুদ্ধার ও প্রিন্ট করে দিতে সহায়তা করবেন । উল্লেখ্য রাজ্যের সাধারণ প্রশাসন বিভাগ থেকে এন আর সিতে বায়োমেট্রিক ব্লক জনসাধারণের আধার কার্ড প্রদানের জন্য একটি এস ও পি জারি করা হয়েছে এবং এই এস ও পি কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন ২৬ শে জানুয়ারী সাধারণতন্ত্র দিবস উদযাপনের প্রস্তুতি বিষয়ক বিভিন্ন দিক নিয়ে আলোচনা করতে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের নতুন সম্মেলন কক্ষে এক বৈঠক অনুষ্ঠিত হয় । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে প্রস্তুতি সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় । বৈঠকে

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা জেলা দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের মূখ্য কার্যবাহী আধিকারিক যুবরাজ বরঠাকুর অতিরিক্ত জেলা আয়ুক্ত (নজারত) ,ভান লাল লিম্পুইয়া নামপুই ,অতিরিক্ত জেলা আয়ুক্ত (ম্যাজিস্ট্রেসি ) অন্তরা সেন ,অতিরিক্ত জেলা আয়ুক্ত কিমচিন লাংগুম ,সহকারী আয়ুক্ত বহ্নিকা চেতিয়া ,কাছাড়ের অতিরিক্ত পুলিশ সুপার (সদর) সুব্রত সেন সহ সামরিক ও আধা-সামরিক বাহিনীর প্রতিনিধি ,জেলার বিভিন্ন কার্যালয়ের প্রধান এবং কাছাড় জেলা প্রশাসনের কর্মচারীরা অংশ নেন ।

--------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভুমি জেলায় সাধারণতন্ত্র দিবসের কার্যসূচী স্থির করতে আগামী ৮ জানুয়ারী প্রস্তুতি সভা অনুষ্ঠিত হবে । ওইদিন সকাল ১১ টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠেয় সভায় উপস্থিত থাকতে জেলা আয়ুক্ত পত্র মারফৎ সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

আসাম রাজ্য স্কুল শিক্ষা পর্ষদ (এ এসএস ইবি ) বিভাগের মাধ্যমে আসাম সরকার সাব ইন্সপেক্টর ( ইউ বি) এর শূন্য পদে নিয়োগের জন্য আগামী ৫ ই জানুয়ারী অর্থাৎ আগামীকাল সাধারণ লিখিত পরীক্ষা ( সি ডব্লু টি ) অনুষ্ঠিত করবে । আসাম ষ্টেট স্কুল এডুকেশন পর্ষদ সাব ইন্সপেক্টর পদের জন্য স্টেট লেভেল পুলিশ রিক্রুটমেন্ট পর্ষদের পক্ষ থেকে পেপার -১ ,বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে লি খিত পরীক্ষার সময়সূচী ঘোষনা করেছে ।জেলায় সাব ইন্সপেক্টর পদের পেপার -১ পরীক্ষার স্থাগুলি হচ্ছে । সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত শিলচর ট্রাংক রোডের কাছাড় কলেজে ( সেন্টার কোড সি০৬ -০০১) অনুষ্ঠিত হবে ।অনুরুপভাবে শিলচর জি সি কলেজে ( সেন্টার কোড সি০৬ -০০৪ ) , সরকারী উচ্চতর মাধ্যমিক বালক বিদ্যালয়ে ( সেন্টার কোড- সি০৬ -০০৩ ) , শিলচর কলেজিয়েট স্কুলে ( সেন্টর কোড -সি০৬- ০০৪ )নরসিং এইচ এস স্কুলে ( সেন্টার কোড -সি০৬ -০০৫ ) সোনাই রোড রাধামাধব কলেজে (সেন্টার কোড -সি০৬-০০৬ ) ডি এন এন কে গার্লস হাইস্কুলে (সেন্টার কোড -সি০৬-০০৭ ) শিলচর মহিলা কলেজে ( সেন্টার কোড- সি০৬ -০০৮ ) এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । পরীক্ষায় মোট অংশ গ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৫ হাজার ৪৬২ ।

এর পরিপ্রেক্ষিতে কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩ এর ১৬৩ ধারার অধীনে সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য পরীক্ষা পরিচালনা ও পর্যবেক্ষণের জন্য নিযূক্ত ব্যাক্তিরা ছাড়া প্রতিটি পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে লোক সমাগম , পরীক্ষার্থীদের দ্বারা পরীক্ষার হলে নিষিদ্ধ সামগ্রী

যেমন মোবাইল ফোন , যেকোনো ইলেক্ট্রনিক যন্ত্রপাতি , ক্যালকুলেটর , পেনড্রাইভ ইত্যাদি নিয়ে যেতে নিষিদ্ধ ঘোষনা করেছেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত শিরিষপুর চা বাগানে ফায়ারিং রেঞ্জে গুলি চালনা মহড়ার জন্য আগামীকাল সকাল ৬ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত ফায়ারিং রেঞ্জের ৫০০ মিটার পর্যন্ত এলাকায় গবাদি পশু নিয়ে জনসাধারণের চলাফেরার ওপর নিষেধাজ্ঞা জারি করেছেন ।

---------------------------------------------------------------------------------